পরিচালক (অপারেশান্স) বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী
এবং
জোনাল কমান্ডার পশ্চিম জোন এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ হতে জুন ৩০, ২০১৯ পর্যন্ত

সূচিপত্র

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা নং
১	উপক্রমণিকা	২
২	কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩-৪
৩	সেকশান ১ঃ কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোনের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
৪	সেকশান ২ঃ কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোনের কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৬-৭
৫	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ	৮-৯
৬	অঙ্গীকারনামা	১০
৭	সংযোজনী ১ ঃ শব্দসংক্ষেপ (Acronyms)	১১
৮	সংযোজনী ২ ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি	১২-১৪
৯	সংযোজনী ৩ ঃ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা	১৫

<u>উপক্রমনিকা (Preamble)</u>

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিচালক (অপারেশান্স), বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

এবং

জোনাল কমান্ডার পশ্চিম জোন এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন ঃ

কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(OVERVIEW OF THE PERFORMANCE OF THE BANGLADESH COAST GUARD FORCE WEST ZONE)

সাম্প্রতিক অর্জন ঃ

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মেরিটাইম ভিশন এর গুরুত্ব অনুধাবন করে এবং ব্লু ইকোনমি এর ধারনাকে বাস্তবরূপ প্রদানের লক্ষ্যে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীকে একটি শক্তিশালী ও কার্যকর বাহিনী হিসেবে গড়ে তুলতে অত্র জোন কাজ করে যাচ্ছে। কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোনের অধীনস্থ বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ ফরেস্ট সুন্দরবন এলাকার অর্থনৈতিক ও বাণিজ্যিক গুরুত্ব এবং সুন্দরবনের নৌপথের সার্বিক নিরাপত্তা/আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে কোস্ট গার্ড বাহিনীর সদস্যবৃন্দ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ইতোমধ্যে ইতালি হতে ক্রয়কৃত ০২টি অফসোর পেট্রোল ভেসেল (ওপিভি) কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোনে সংযোজিত হয়ে "অপারেশান সমুদ্র প্রহরায়" নিয়োজিত রয়েছে। কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন ১২ টি স্টেশান ও আউটপোস্টের মাধ্যমে সুন্দরবনে যে তৎপরতা বৃদ্ধি করেছে তার মাধ্যমে বিভিন্ন অপরাধমূলক ও অবৈধ কর্মকান্ড অনেকাংশে নিয়ন্ত্রণের মাধ্যমে স্থানীয় জনসাধারনের আস্থা অর্জনে সক্ষম হয়েছে। বিগত তিন বছরে ১২২ জন বনদস্যু/ডাকাত/চোরাকারবারী, ৮৪ টি অবৈধ আগ্নেয়াস্ত্র, ৭৩৬ রাউন্ড তাজা গোলা, ৪২৬ জন অপহৃত বিপন্ন জেলে/মৌয়াল/বাওয়ালী, দুর্ঘটনায় কবলিত ২২টি মৃতদেহ উদ্ধার এবং ৯০টি বোট, ০৪ টি জীবিত হরিণ, ২৭ টি হরিণের চামড়া, ১০ টি হরিণের মাথা, ৫৮৮.৫ কেজি হরিণের মাংস, ১৩ টি তক্ষক, নিষিদ্ধ জেলি পুশ করা চিংড়ি ২০,৩২০ কেজি, ১১,০৯,৪৬,৯২৭ পিস চিংড়ি পোনা, ৯৬,৭৮,৯৭,২৩২ কোটি টাকা মূল্যের অবৈধ চোরাচালান পণ্য এবং ২,২৬১টি অবৈধ বেহুন্দি জালসহ ১৩,৭৭,৯৯,৯২২ মিটার অন্যান্য অবৈধ জাল আটক করেছে। এছাড়াও জাটকা নিধন প্রতিরোধ ও মা ইলিশ সংরক্ষণ অভিযান, ইউনিয়ন পরিষদ নির্বাচন, পৌরসভা নির্বাচন, জেলা পরিষদ নির্বাচন ও জাতীয় নির্বাচনসহ গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছে।

কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা জেলাধীন সুন্দরবনের জলসীমা সন্নিহিত স্থলভাগ, তথা উপকূলীয় অঞ্চল, নদ-নদী, খাল, চ্যানেল, মোহনা, বাণিজ্যিক নৌপথ এলাকায় দায়িত্বে নিয়োজিত আছে। বিশেষ করে বৃহত্তম সুন্দরবন এলাকার আইন শৃঙ্খলা, বনজ, প্রাণীজ ও মৎস্য সম্পদ রক্ষাসহ সুন্দরবনের প্রাকৃতিক সৌন্দর্য বজায় রাখার জন্য কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন দায়িত্বপূর্ণ এলাকায় সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করছে। এছাড়াও অবৈধভাবে শিকারকৃত বিপুল পরিমান বন্যপ্রাণী, মৎস্য সম্পদ উদ্ধার করেছে এবং জীবিত বন্যপ্রাণী বনে অবমুক্ত করেছে। সুন্দরবনকে অভয়ারন্য হিসাবে প্রতিষ্ঠা করার জন্য দিনে রাতে টহল, চোরাশিকারীদের ফাঁদ, জাল, বোট আটকে কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোনের ভূমিকা দেশি বিদেশী সর্বমহলে প্রশংসিত। এছাড়াও অত্র এলাকায় স্থলপথে যে কোন ধরনের অনাকাঙ্খিত পরিস্থিতির বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলে সাধারন মানুষের পাশে থেকে তাদের জীবনযাত্রার মান উন্নয়নে সহায়তা করছে। বৃহত্তম সুন্দরবন ও তদসংলগ্ন এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতি উন্নতির লক্ষ্যে সুন্দরবনে ১২ টি স্টেশান ও আউটপোস্টের পাশাপাশি আরও স্থাপনার পরিকল্পনা প্রস্তাব আকারে পেশ করা হয়েছে এবং কিছু প্রক্রিয়াধীন আছে।

স্টেশান/আউটপোস্টসমূহের মধ্যে ০৯টিতে কোস্টাল ক্র্যাইসিস ম্যানেজম্যান্ট সেন্টার (সিসিএমসি) রয়েছে। হারবারিয়া এ্যাংকরেজ এলাকায় চুরি ও ডাকাতির ঘটনা পরিলক্ষিত হওয়ায় নৌপরিবহন মন্ত্রণালয় এবং মোংলা বন্দর কর্তৃপক্ষ হতে উক্ত এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখার লক্ষ্যে কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন এর ০১ টি স্টেশান স্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। এর পরিপ্রেক্ষিতে হারবারিয়া এলাকায় অস্থায়ীভাবে ০১ টি পন্টুন স্থাপনকরত কন্টিনজেন্ট মোতায়েন করে অভিযান পরিচালনা করা হচ্ছে। হারবারিয়া এলাকার আইন-শৃঙ্খলা স্বাভাবিক হওয়ায় কার্গো মালিকসহ বিভিন্ন সংস্থা কোস্ট গার্ড বাহিনীকে ধন্যবাদ জ্ঞাপন করে।

আমাদের উপকুলীয় সমুদ্র এলাকার গুরুত্ব দিন দিন যেমন বৃদ্ধি পাচ্ছে, তেমনি বাড়ছে সমুদ্র ও তৎসংলগ্ন উপকূলীয় এলাকায় দেশী-বিদেশী অপরাধীদের নানামুখী অপতৎপরতা। এসব হুমকি মোকাবেলা ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে একটি শক্তিশালী কোস্ট গার্ডের কোন বিকল্প নেই। এছাড়া সুন্দরবনে চলাচলে সক্ষম অর্থ সাশ্রয়ী দ্রুতগামী জাহাজ সরবরাহ করা সম্ভব হলে সুন্দরবনের সকল স্টেশান ও আউটপোস্টে রসদ সরবরাহের সমস্যা সমাধান হবে বলে আশা করা যায়। এসকল জাহাজ কোস্ট গার্ড বাহিনীতে সংযোজিত হলে এ বাহিনীর দায়িত্বপূর্ণ সমুদ্র ও উপকূলীয় এলাকাসহ সুন্দরবনে অপরাধ দমনে জাহাজসমূহ কার্যকরী ও আরও শক্তিশালী ভূমিকা রাখবে।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহ ঃ

কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন এ ভূমির অপ্রতুলতা অত্যন্ত প্রকট হওয়ার ফলে এ বাহিনীর অগ্রগতি ব্যাহত হচ্ছে। এছাড়া জনবল এর স্বল্পতার কারণেও অপারেশনাল কর্মকান্ডে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে।

ভবিষ্যৎ পরিকল্পনা ঃ

কোস্ট গার্ড পশ্চিম জোনের স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে, যা সদর দপ্তর কর্তৃক বাস্তবায়ন করার প্রক্রিয়া চলছে। উক্ত পরিকল্পনা মোতাবেক এ বাহিনীতে নিচের বিষয়গুলো সংযুক্ত হবে ঃ

ক। দীর্ঘ সময় সমুদ্রে অবস্থান ও সকল আবহাওয়া উপযোগী বড় জাহাজ, যাতে হেলিকপ্টার অথবা ড্রোন থাকবে।

খ। সমুদ্রে নজরদারী এর জন্য মেরিটাইম প্যাট্রোল এয়ারক্রাফট, যার সাহায্যে সমগ্র ইইজেড অল্প সময়ে সার্ভেইলেন্স করা যাবে।

গ। কোস্টাল মনিটরিং সিস্টেম যার সাহায্যে উপকূলে গমনাগমনকারী জলযানের উপর তীক্ষ্ম দৃষ্টি রাখা যাবে।

ঘ হোভারক্রাফট, যার সাহায্যে দ্রুতগতিতে দুষ্কৃতিকারীদের চর, অগভীর জল এলাকা, ভাসমান বস্তু ও মধ্যবর্তী স্থলভাগ ইত্যাদি সকল বাধা পেরিয়ে দ্রুত ধাওয়া করে আটক করা যাবে।

ঙ। ডগ স্কোয়াডসহ নারকোটিক্স ডিটেকশান টিম, যার সাহায্যে কোন জলযানে লুকায়িত মাদকদ্রব্য খুঁজে বের করা যাবে।

চ। নিজস্ব কমান্ডো বাহিনী, যার মাধ্যমে সুন্দরবনের লুকায়িত দস্যুদের দমন করা যাবে।

ছ। পল্যুশান কন্ট্রোল জাহাজ, যার দ্বারা কার্যকরভাবে পরিবেশ দূষণ তথা তেল ও রাসায়নিক দূষণ প্রতিরোধ করা যাবে।

২০১৮-২০১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ

ক। জাটকা নিধন প্রতিরোধের মাধ্যমে ২০১৮-২০১৯ অর্থবছরে ইলিশ আহরণের মাত্রা উন্নীতকরণ।

খ। উপকূলবর্তী এলাকায় নিরাপত্তা জোরদারে কমপক্ষে ৬০০০ অভিযান পরিচালনা।

গ। অভ্যন্তরীণ জলসীমা ও সমুদ্র এলাকায় অবৈধ মৎস্য আহরণ রোধে কমপক্ষে ৪৩৩৫ টি টহল/অভিযান পরিচালনা।

ঘ। মাদক দ্রব্য ও অবৈধ চোরাচালান, মানব পাচার ও অবৈধ মৎস্য আহরণ রোধে এবং নৌযানের ও নৌপথে জানমালের নিরাপত্তা বিষয়ক জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহন।

ঙ। যুগোপযোগী প্রশিক্ষণের মাধ্যমে জনবলের দক্ষতা বৃদ্ধি।

সেকশান ১

কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোনের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ঃ

১.১ রূপকল্প (Vision) ঃ

নিরাপদ জলসীমা নিশ্চিতকরণ এবং জাতীয় স্বার্থ রক্ষায় অঙ্গীকারাবদ্ধ।

১.২ অভিলক্ষ্য (Mission) ঃ

বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোনের আওতাধীন জলসীমা ও উপকূলীয় অঞ্চলে বনদস্যুতা/ডাকাতি দমন, অবৈধ পাচার রোধ, মৎস্য, তেল, গ্যাস ও বনজ সম্পদ রক্ষাসহ পরিবেশ দূষণ প্রতিরোধ, সমুদ্র বন্দরের নিরাপত্তা প্রদানের মাধ্যমে সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ ও আইন-শৃঙ্খলা রক্ষায় সহায়তা প্রদান, প্রাকৃতিক দুর্যোগকালে উপকূলীয় এলাকায় ত্রাণ ও উদ্ধারকাজ পরিচালনা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) ঃ

১.৩.১ কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোনের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১। বাংলাদেশের জলসীমা সংলগ্ন সীমান্ত টহল ও নিরাপত্তা জোরদারকরণ অবৈধভাবে মৎস্য আহরণ হ্রাস।
২। উপকূলবর্তী এলাকায় চোরাচালান, বনজ সম্পদ পাচার, ডাকাতি, দস্যুতা এবং অপহরণ হ্রাস।
৩। অবৈধভাবে মৎস্য আহরণ হ্রাস।
৪। বাংলাদেশের জলসীমা দিয়ে অবৈধ গমনাগমন হ্রাস।
৫। সমুদ্র এলাকায় নিরাপত্তা বৃদ্ধি।
৬। মানব সম্পদ উন্নয়ন।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ।
২। কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন।
৩। আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।
৪। জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

১.৪ কার্যাবলি (Functions) ঃ

১। বাংলাদেশের জাতীয় স্বার্থ সংরক্ষণ করা।
২। যুদ্ধকালীন সময়ে বাংলাদেশ নৌবাহিনীকে সহায়তা করা।
৩। সমুদ্র বন্দরের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সহায়তা করা।
৪। নাশকতামূলক ও সন্ত্রাসমূলক কার্যকলাপ প্রতিরোধ ও দমন করা এবং এতদুদ্দেশ্যে অন্যান্য কর্তৃপক্ষকে সহায়তা করা।
৫। বাংলাদেশের জলসীমা দিয়ে বাংলাদেশে অবৈধ অনুপ্রবেশ বা বাংলাদেশ হইতে অবৈধ গমন প্রতিরোধ করা এবং মানব পাচার প্রতিরোধ করা।
৬। প্রাকৃতিক দুর্যোগকালে ত্রাণ ও উদ্ধারকার্যে অংশগ্রহণ করা এবং দুর্ঘটনা কবলিত নৌযান, মানুষ এবং মালামাল উদ্ধার করা।
৭। কোন নৌযান বা উহাতে অবস্থানরত ব্যক্তির ব্যাপারে আদালত বা অন্যবিধ কর্তৃপক্ষের পরোয়ানা বা অন্য কোন আদেশ বলবৎ করা।
৮। পরিবেশ দূষণকারী কার্যকলাপ অনুসন্ধান এবং উহা প্রতিরোধের ব্যবস্থা করা।
৯। মাদকদ্রব্য পাচার এবং চোরাচালান প্রতিরোধ করা।
১০। অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধ করা।
১১। প্রাকৃতিক দুর্যোগকালে সতর্কবাণীসহ অন্যান্য তথ্য বেতার বা অন্য কোন মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা।
১২। নিয়মিত টহল দেওয়া ও এতদ্সম্পর্কিত দায়িত্ব পালন।
১৩। কর্মরত ব্যক্তিগণের নিরাপত্তা নিশ্চিত করা এবং
১৪। সময় সময়, সরকার কর্তৃক নির্দেশিত অন্য কোন দায়িত্ব সম্পাদন করা।

সেকশান ২

কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোনের কৌশলগত উদ্দেশ্য,অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন ২০১৬-১৭	প্রকৃত অর্জন ২০১৭-১৮	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19) অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতি মানের নিম্নে ৬০%	প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০	প্রক্ষেপণ (Projection) ২০২০-২১
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ														
১। বাংলাদেশের জলসীমা সংলগ্ন সীমান্ত টহল ও নিরাপত্তা জোরদারকরণ	১৫	{১.১} উপকূলবর্তী এলাকার দায়িত্বাধীন এলাকাসমূহে টহল বৃদ্ধি	{১.১.১}পরিচালিত টহল	সংখ্যা	১২	৬৭৯২	৬৪৫২	৬৬০০	৬৪০০	৬২০০	৬০০০	৫৮০০	৬৮০০	৭০০০
		{১.২} প্রাকৃতিক বিপর্যয়ে উদ্ধার ও সেবামূলক কার্যক্রম	{১.২.১}দুর্ঘটনার বিপরীতে পরিচালিত উদ্ধার কার্যক্রম	শতকরা %	৩	৯৭	৯৭	৯৮	৯৫	৯২	৮৯	৮৫	৯৮	৯৯
২। উপকূলবর্তী এলাকায় চোরাচালান, বনজ সম্পদ পাচার, ডাকাতি, দস্যুতা এবং অপহরণ হ্রাস	২১	{২.১} উপকূলবর্তী এলাকায় অবৈধ কার্যকলাপ প্রতিরোধমূলক কার্যক্রম	{২.১.১} মাদকদ্রব্য পাচার রোধে পরিচালিত অভিযান	সংখ্যা	৭	১৭	১৮	২২	২১	২০	১৯	১৮	২৪	১৬
			{২.১.২} অবৈধ চোরাচালান রোধে পরিচালিত অভিযান	সংখ্যা	৫	১৫৭	১৬৬	১৭৫	১৭০	১৬৫	১৬০	১৫৫	১৮০	১৮৫
			{২.১.৩}অবৈধভাবে মাদকদ্রব্য পাচার ও চোরাচালান রোধে জনসচেতনতামূলক কার্যক্রম	সংখ্যা	৩	৩৪	৩৮	৪০	৩৮	৩৬	৩৪	৩২	৪২	৪৪
		{২.২} উপকূলবর্তী এলাকায় জেলেদের নিরাপত্তা প্রদান কার্যক্রম	{২.২.১} অপহৃত জেলে/বাওয়ালী উদ্ধারে পরিচালিত অভিযান	শতকরা %	৬	৯৫	৯৫	৯৭	৯২	৮৮	৮৪	৮০	৯৮	৯৯
৩। অবৈধভাবে মৎস্য আহরণ হ্রাস	১৭	{৩.১} উপকূলীয় ও সমুদ্র এলাকায় অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধমূলক কার্যক্রম	{৩.১.১} অভ্যন্তরীণ জলসীমায় অবৈধভাবে মৎস্য আহরণ রোধে পরিচালিত টহল/অভিযান	সংখ্যা	৭	৪৪৮৩	৪৬০৭	৪৭০০	৪৬০০	৪৫০০	৪৪০০	৪৩০০	৪৯০০	৫১০০
			{৩.১.২} সমুদ্র এলাকায় অবৈধভাবে মৎস্য আহরণ রোধে পরিচালিত টহল/অভিযান	সংখ্যা	৭	২৯	৩৩	৩৫	৩৪	৩৩	৩২	৩১	৪০	৪৫

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19)					প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০	প্রক্ষেপণ (Projection) ২০২০-২১
						২০১৬-১৭	২০১৭-১৮	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
			{৩.১.৩} অবৈধভাবে মৎস্য আহরণ রোধে জনসচেতনতামূলক কার্যক্রম	সংখ্যা	৩	৩৬	৩৮	৪০	৩৮	৩৬	৩৪	৩২	৪২	৪৪
৪। বাংলাদেশের জলসীমা দিয়ে অবৈধ গমনাগমন হ্রাস	৭	{৪.১} উপকূলীয় এলাকায় মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ প্রতিরোধমূলক কার্যক্রম	{৪.১.১} মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ রোধে পরিচালিত টহল/অভিযান	সংখ্যা	৪	১২৭৩	১৪৩৭	১৫০০	১৪৭৫	১৪৫০	১৪২৫	১৪০০	১৫০০	১৬০০
			{৪.১.২} মানব পাচার রোধে জনসচেতনতামূলক কার্যক্রম	সংখ্যা	৩	৩৮	৩৯	৪০	৩৮	৩৬	৩৪	৩২	৪২	৪৪
৫। সমুদ্র এলাকায় নিরাপত্তা বৃদ্ধি	১৩	{৫.১} সমুদ্র এলাকায় নিরাপত্তা বৃদ্ধিতে কার্যক্রম	{৫.১.১} বন্দর নোঙ্গর এলাকায় পরিচালিত টহল	জনঘন্টা (হাজার)	৭	১১৩	১১৮	১২০	১১৫	১১০	১০৫	১০০	১২৫	১৩০
			{৫.১.২} ব্লু ইকোনমি সংশ্লিষ্ট কর্মকান্ডে পরিচালিত টহল	জনঘন্টা (হাজার)	-	-	-	-	-	-	-	-	-	-
			{৫.১.৩} সমুদ্র এলাকায় অন্যান্য কর্মকান্ডে পরিচালিত টহল	জনঘন্টা (হাজার)	৪	২৪৩	২৪৯	২৬০	২৫০	২৪০	২৩০	২২০	২৭০	২৮০
			{৫.১.৪} নৌযানের ও নৌপথে জানমালের নিরাপত্তা বিষয়ক জনসচেতনতামূলক কার্যক্রম	সংখ্যা	২	৩৫	৩৭	৪০	৩৮	৩৬	৩৪	৩২	৪২	৪৪
৬। মানব সম্পদ উন্নয়ন	৭	{৬.১} মানব সম্পদ উন্নয়নে গৃহীত কার্যক্রম	{৬.১.১} মানব সম্পদ উন্নয়নে প্রদানকৃত প্রশিক্ষণ	জন	৩	২৭৪	২৯৩	৩৩০	৩১০	২৯০	২৭০	২৫০	৩৫০	৩৭০
			{৬.১.২} সভা, সেমিনার ও কর্মশালা	সংখ্যা	২	৮	৯	১১	১০	৯	৮	৭	১৩	১৫
			{৬.১.৩} প্রত্যন্ত অঞ্চলে স্বাস্থ্যসেবা প্রদানে পরিচালিত ক্যাম্পেইন	সংখ্যা	২	১৪	১৬	১৮	১৭	১৬	১৫	১৪	২০	২২

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

কলাম -১	কলাম -২	কলাম -৩	কলাম -৪		কলাম -৫	কলাম -৬				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	লক্ষ্যমাত্রার মান ২০১৮-২০১৯				
						অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ	৩	২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	২৪ জুলাই ২০১৮	২৯ জুলাই ২০১৮	৩০ জুলাই ২০১৮	৩১ জুলাই ২০১৮	০১ আগস্ট ২০১৮
		২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্মকর্তার নিকট দাখিল	মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৩ জানুয়ারি ২০১৯	১৬ জানুয়ারি ২০১৯	১৭ জানুয়ারি ২০১৯	২০ জানুয়ারি ২০১৯	২১ জানুয়ারি ২০১৯
		সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	আয়োজিত প্রশিক্ষণের সময়	জনঘন্টা *	১	৬০	-	-	-	-
কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন	৯	ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন	ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিষ্টেমে আপলোডকৃত	%	১	৮০	৭০	৬০	৫৫	৫০
			ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত *	%	১	৫০	৪৫	৪০	৩৫	৩০
			ই-ফাইলে পত্র জারীকৃত**	%	১	৪০	৩৫	৩০	২৫	২০
		উদ্বাধনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন	নুন্যতম একটি উদ্বাধনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত	তারিখ	১	৩১ ডিসেম্বর ২০১৮	০৭ জানুয়ারি ২০১৯	১৪ জানুয়ারি ২০১৯	২১ জানুয়ারি ২০১৯	২৮ জানুয়ারি ২০১৯
		সিটিজেন্স চার্টার বাস্তবায়ন	হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা	%	১	৮০	৭৫	৭০	৬০	৫০
			সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর ২০১৮	১৫ জানুয়ারি ২০১৯	০৭ ফেব্রুয়ারি ২০১৯	১৭ ফেব্রুয়ারি ২০১৯	২৮ ফেব্রুয়ারি ২০১৯
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত	%	১	৯০	৮০	৭০	৬০	৫০
		পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট	পিআরএল আদেশ জারিকৃত	%	১	১০০	৯০	৮০	-	-

কলাম -১	কলাম -২	কলাম -৩	কলাম -৪		কলাম -৫	কলাম -৬				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	লক্ষ্যমাত্রার মান ২০১৮-২০১৯				
						অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
		কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি নিশ্চিতকরণ	ছুটি নগদায়ন পত্র জারিকৃত	%	১	১০০	৯০	৮০	-	-
আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন	৫	অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	ব্রডসীট জবাব প্রেরিত	%	০.৫	৬০	৫৫	৫০	৪৫	৪০
			অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	০.৫	৫০	৪৫	৪০	৩৫	৩০
		স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা	স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত	তারিখ	১	০৩ ফেব্রুয়ারি ২০১৯	১৭ ফেব্রুয়ারি ২০১৯	২৮ ফেব্রুয়ারি ২০১৯	২৮ মার্চ ২০১৯	১৫ এপ্রিল ২০১৯
			অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত	তারিখ	১	০৩ ফেব্রুয়ারি ২০১৯	১৭ ফেব্রুয়ারি ২০১৯	২৮ ফেব্রুয়ারি ২০১৯	২৮ মার্চ ২০১৯	১৫ এপ্রিল ২০১৯
		বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত	%	২	১০০	৯৫	৯০	৮৫	৮০
জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ	৩	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রদান	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণীত	তারিখ	১	১৫ জুলাই	৩১ জুলাই	-	-	-
		নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল	নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	-	-	-
		তথ্য বাতায়ন হালনাগাদকরণ	তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	১	১০০	৯০	৮০	-	-

*জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।
**মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।
***মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

অঙ্গীকারনামা

আমি, ক্যাপ্টেন এম মিনারুল হক, (এইচ), পিএসসি, বিএন (পি নং ৯২৭), জোনাল কমান্ডার পশ্চিম জোন, মহাপরিচালক বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর প্রতিনিধি পরিচালক (অপারেশান্স) এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্নিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, ক্যাপ্টেন মোঃ ইকরাম হোসেন, (ট্যাজ), পিসিজিএম, এওডব্লিউসি, পিএসসি, বিএন (পি নং ৪৬৯), পরিচালক (অপারেশান্স), মহাপরিচালক বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর প্রতিনিধি জোনাল কমান্ডার পশ্চিম জোন এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

২০ জুন ২০১৮

এম মিনারুল হক ....
ক্যাপ্টেন বিএন তারিখ
জোনাল কমান্ডার পশ্চিম জোন
বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

২০ জুন ২০১৮

মোঃ ইকরাম হোসেন ....
ক্যাপ্টেন বিএন তারিখ
পরিচালক (অপারেশান্স)
বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

সংযোজনী ১

শব্দসংক্ষেপ (Acronyms)

ক্রমিক	আদ্যক্ষর	পূর্ণবিবরণ
১	বিসিজি	বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী
২	ডিজি	ডাইরেক্টর জেনারেল
৩	ডিডিজি	ডেপুটি ডাইরেক্টর জেনারেল
৪	জেডসিই	জোনাল কমান্ডার ইস্ট
৫	জেডসিডব্লিউ	জোনাল কমান্ডার ওয়েস্ট
৬	জেডসিএস	জোনাল কমান্ডার সাউথ
৭	জেডসিডি	জোনাল কমান্ডার ঢাকা
৮	সিজিএস	কোস্ট গার্ড শিপ
৯	সিজিবি	কোস্ট গার্ড বেইস
১০	ওপিভি	অফশোর প্যাট্রোল ভেসেল
১১	আইপিভি	ইনশোর প্যাট্রোল ভেসেল
১২	সিপিভি	কোস্টাল প্যাট্রোল ভেসেল
১৩	আরপিভি	রিভারাইন প্যাট্রোল ভেসেল
১৪	এফপিবি	ফাস্ট প্যাট্রোল বোট
১৫	এইচপিবি	হারবার প্যাট্রোল বোট
১৬	এইচএসবি	হাইস্পিড বোট

সংযোজনী ২

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপণ পদ্ধতি- এর বিবরণ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বিবরণ	বাস্তবায়নকারী ইউনিট	পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
{১.১} উপকূলবর্তী এলাকার দায়িত্বাধীন এলাকাসমূহে টহল বৃদ্ধি	{১.১.১}পরিচালিত টহল	দেশের উপকূলবর্তী জলসীমায় অবৈধ কার্যকলাপ হ্রাস করার লক্ষ্যে নিয়মিত অভিযান পরিচালনা করা	কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন	পশ্চিম জোন এর অধীনস্থ বেইস, জাহাজ, স্টেশান ও আউটপোস্ট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে	
{১.২} প্রাকৃতিক বিপর্যয়ে উদ্ধার ও সেবামূলক কার্যক্রম	{১.২.১}দুর্ঘটনার বিপরীতে পরিচালিত উদ্ধার কার্যক্রম	জাহাজ ও আধুনিক দ্রুতগতিসম্পন্ন হাইস্পিড বোটসমূহের মাধ্যমে যথাসময়ে ঘটনাস্থলে পৌছে তাৎক্ষণিকভাবে উদ্ধার কার্যক্রম পরিচালনা করা	কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন	পশ্চিম জোন এর অধীনস্থ বেইস, জাহাজ, স্টেশান ও আউটপোস্ট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে	
{২.১} উপকূলবর্তী এলাকায় অবৈধ কার্যকলাপ প্রতিরোধমূলক কার্যক্রম	{২.১.১} মাদকদ্রব্য পাচার রোধে পরিচালিত টহল/অভিযান	দেশের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে কোস্ট গার্ড বাহিনীর পশ্চিম জোনের উপকূলীয় অঞ্চলসমূহে টহল কার্যক্রম বৃদ্ধির মাধ্যমে অবৈধভাবে মাদকদ্রব্য পাচার প্রতিরোধ করা	কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন	পশ্চিম জোন এর অধীনস্থ বেইস, জাহাজ, স্টেশান ও আউটপোস্ট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে	
	{২.১.২} অবৈধ চোরাচালান রোধে পরিচালিত টহল/অভিযান	কোস্ট গার্ড বাহিনীর পশ্চিম জোনের উপকূলীয় অঞ্চলে চোরাচালান প্রতিরোধে দিবারাত্রি জাহাজ ও বোটসমূহের মাধ্যমে টহল প্রদান করা	কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন	পশ্চিম জোন এর অধীনস্থ বেইস, জাহাজ, স্টেশান ও আউটপোস্ট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে	
	{২.১.৩}অবৈধভাবে মাদকদ্রব্য পাচার ও চোরাচালান রোধে জনসচেতনতামূলক কার্যক্রম	কোস্ট গার্ড বাহিনীর পশ্চিম জোনের উপকূলীয় অঞ্চলে মাদকদ্রব্য পাচার ও চোরাচালান রোধে প্রতি তিন মাসে ০১ টি করে বছরে ০৪টি বেইস, ষ্টেশান ও আউটপোস্টসমূহ কর্তৃক জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা	কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন	পশ্চিম জোন এর অধীনস্থ বেইস, জাহাজ, স্টেশান ও আউটপোস্ট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে	
{২.২} উপকূলবর্তী এলাকায় জেলেদের নিরাপত্তা প্রদান কার্যক্রম	{২.২.১} অপহৃত বিপন্ন জেলে/বাওয়ালী উদ্ধারে পরিচালিত অভিযান	কোস্ট গার্ড বাহিনীর পশ্চিম জোনের উপকূলীয় এলাকায় জেলেদের নিরাপত্তার জন্য নিয়মিত অভিযান কার্যক্রম পরিচালনা করা	কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন	পশ্চিম জোন এর অধীনস্থ বেইস, জাহাজ, স্টেশান ও আউটপোস্ট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে	

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বিবরণ	বাস্তবায়নকারী ইউনিট	পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
{৩.১} উপকূলীয় ও সমুদ্র এলাকায় অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধমূলক কার্যক্রম	{৩.১.১} অভ্যন্তরীণ জলসীমায় অবৈধভাবে মৎস্য আহরণ রোধে পরিচালিত টহল/অভিযান	কোস্ট গার্ড বাহিনীর পশ্চিম জোনে জাটকা নিধন প্রতিরোধ, মা ইলিশ সংরক্ষণ ও অবৈধ পোনা আহরণ প্রতিরোধ অভিযান পরিচালনা করা (বছরে ০৬ মাস পরিচালিত হয়)	কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন	পশ্চিম জোন এর অধীনস্থ বেইস, জাহাজ, স্টেশান ও আউটপোস্ট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে	
	{৩.১.২} সমুদ্র এলাকায় অবৈধভাবে মৎস্য আহরণ রোধে পরিচালিত টহল/অভিযান	বিদেশী ট্রলার কর্তৃক অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধ, মৎস্য প্রজনন মৌসুমে মৎস্য আহরণ প্রতিরোধ এবং ৪০ মিটারের কম গভীরতায় অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধে কোস্ট গার্ড বাহিনীর পশ্চিম জোনে সদ্য সংযোজিত ওপিভি জাহাজসমূহের মাধ্যমে অভিযান পরিচালনা করা	কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন	পশ্চিম জোন এর অধীনস্থ বেইস, জাহাজ, স্টেশান ও আউটপোস্ট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে	
	{৩.১.৩} অবৈধভাবে মৎস্য আহরণ রোধে জনসচেতনতামূলক কার্যক্রম	কোস্ট গার্ড বাহিনীর পশ্চিম জোনের উপকূলীয় ও সমুদ্র এলাকায় জাটকা নিধন প্রতিরোধ, মা ইলিশ সংরক্ষণ ও অবৈধ পোনা আহরণ প্রতিরোধে প্রতি তিন মাসে ০১ টি করে বছরে ০৪টি কোস্ট গার্ড বাহিনীর পশ্চিম জোনে বেইস, ষ্টেশান ও আউটপোস্টসমূহ কর্তৃক জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা	কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন	পশ্চিম জোন এর অধীনস্থ বেইস, জাহাজ, স্টেশান ও আউটপোস্ট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে	
{৪.১} উপকূলীয় এলাকায় মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ প্রতিরোধমূলক কার্যক্রম	{৪.১.১} মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ রোধে পরিচালিত টহল/অভিযান	দেশের উপকূলীয় এলাকায় মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ রোধে নিয়মিত টহল পরিচালনা করা হয়। এছাড়া কোস্ট গার্ড বাহিনীর পশ্চিম জোনে পেট্রোল ক্রাফট এবং আধুনিক দ্রুতগতিসম্পন্ন হাইস্পিড বোট সার্বক্ষণিক অবৈধভাবে সমুদ্রপথে মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ প্রতিরোধে টহলে নিয়োজিত রয়েছে	কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন	পশ্চিম জোন এর অধীনস্থ বেইস, জাহাজ, স্টেশান ও আউটপোস্ট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে	
	{৪.১.২} মানব পাচার রোধে জনসচেতনতামূলক কার্যক্রম	দেশের উপকূলীয় এলাকায় মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ রোধে প্রতি তিন মাসে ০১ টি করে বছরে ০৪টি কোস্ট গার্ড বাহিনীর পশ্চিম জোনের বেইস, ষ্টেশান ও আউটপোস্টসমূহ কর্তৃক জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা	কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন	পশ্চিম জোন এর অধীনস্থ বেইস, জাহাজ, স্টেশান ও আউটপোস্ট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে	
{৫.১} সমুদ্র এলাকায় নিরাপত্তা বৃদ্ধিতে কার্যক্রম	{৫.১.১} বন্দর নোঙ্গর এলাকায় পরিচালিত টহল	কোস্ট গার্ড বাহিনীর পশ্চিম জোনের পেট্রোল ক্রাফট এবং আধুনিক দ্রুতগতিসম্পন্ন হাইস্পিড বোট দ্বারা সার্বক্ষণিক বন্দর নোঙ্গর এলাকায় বাণিজ্যিক জাহাজসমূহে নিরাপত্তা প্রদানের নিমিত্তে টহল পরিচালনা করা	কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন	পশ্চিম জোন এর অধীনস্থ বেইস, জাহাজ, স্টেশান ও আউটপোস্ট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে	
	{৫.১.২} ব্লু ইকোনমি সংশ্লিষ্ট কর্মকান্ডে পরিচালিত টহল	-	-	-	

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বিবরণ	বাস্তবায়নকারী ইউনিট	পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
	{৫.১.৩} সমুদ্র এলাকায় অন্যান্য কর্মকান্ডে পরিচালিত টহল	কোস্ট গার্ড বাহিনীর পশ্চিম জোনে সদ্য সংযোজিত ওপিভি, পেট্রোল ক্রাফট দ্বারা সার্বক্ষণিক সমুদ্র এলাকায় টহল পরিচালনা করা	কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন	পশ্চিম জোন এর অধীনস্থ বেইস, জাহাজ, স্টেশান ও আউটপোস্ট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে	
	{৫.১.৪} নৌযানের ও নৌপথে জানমালের নিরাপত্তা বিষয়ক জনসচেতনতামূলক কার্যক্রম	কোস্ট গার্ড বাহিনীর পশ্চিম জোনের বেইস, ষ্টেশান ও আউটপোস্টসমূহ কর্তৃক উপকূলীয় এলাকায় প্রতি চার মাসে ০১ টি করে বছরে ০৩টি নৌযানের ও নৌপথে জানমালের নিরাপত্তা বিষয়ক জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা	কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন	পশ্চিম জোন এর অধীনস্থ বেইস, জাহাজ, স্টেশান ও আউটপোস্ট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে	
{৬.১} মানব সম্পদ উন্নয়নে গৃহীত কার্যক্রম	{৬.১.১} মানব সম্পদ উন্নয়নে প্রদানকৃত প্রশিক্ষণ	কোস্ট গার্ড বাহিনীর পশ্চিম জোনের বেইসে এ সদস্যদের বিভিন্ন পেশাগত বিষয়ে মানোন্নয়নের জন্য নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা	কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন	পশ্চিম জোন এর অধীনস্থ বেইস, জাহাজ, স্টেশান ও আউটপোস্ট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে	
	{৬.১.২} সভা, সেমিনার ও কর্মশালা	কোস্ট গার্ড বাহিনীর পশ্চিম জোনের কর্মকর্তা ও নাবিকগণকে বিভিন্ন সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন/ অংশগ্রহণের মাধ্যমে প্রশিক্ষিত করা	কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন	পশ্চিম জোন এর অধীনস্থ বেইস, জাহাজ, স্টেশান ও আউটপোস্ট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে	
	{৬.১.৩} প্রত্যন্ত অঞ্চলে স্বাস্থ্যসেবা প্রদানে পরিচালিত ক্যাম্পেইন	কোস্ট গার্ড বাহিনীর পশ্চিম জোনের বেইস ও জাহাজসমূহ কর্তৃক উপকূলীয় এলাকার প্রত্যন্ত অঞ্চলে কোস্ট সুবিধাবঞ্চিত জনসাধারণের মাঝে স্বাস্থ্যসেবা প্রদান করা	কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন	পশ্চিম জোন এর অধীনস্থ বেইস ও জাহাজ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে	

সংযোজনী ৩
মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা	চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
মোংলা বন্দর কর্তৃপক্ষ	বন্দর নোঙ্গর এলাকায় ছিঁচকে চুরি প্রতিরোধ ও বৈদেশিক বাণিজ্যিক জাহাজের নিরাপত্তা প্রদান কার্যক্রম	সার্বিক নিরাপত্তা	দ্রুত এবং সঠিক তথ্য আদান প্রদান	বন্দর নোঙ্গর এলাকায় ছিঁচকে চুরি রোধ এবং উদ্ধার কার্যক্রম গতিশীল করা সম্ভব হবে	সঠিক তথ্যের অভাবে ছিঁচকে চুরি রোধে বিঘ্ন সৃষ্টি হতে পারে
বাংলাদেশ পুলিশ	উপকূলীয় অঞ্চলের দায়িত্বাধীন এলাকাসমূহে টহল/অভিযান	আটককৃত মালামাল ও অপরাধী	আটককৃত মালামাল ও অপরাধী গ্রহণ ও উপকূলীয় অঞ্চলের চিহ্নিত অপরাধীদের গ্রেফতারকরণ	উপকূলীয় অঞ্চলের অপরাধীদের চিহ্নিত করে আইনের আওতায় আনা	অপারেশানাল কার্যক্রম পরিচালনায় ব্যাঘাত সৃষ্টি ও উপকূলীয় অঞ্চলে অপরাধ প্রবণতা হ্রাসে বিঘ্নতা সৃষ্টি হতে পারে
র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন	উপকূলীয় অঞ্চলের দায়িত্বাধীন এলাকাসমূহে টহল/ অভিযান	আটককৃত মালামাল ও অপরাধী	আটককৃত মালামাল ও অপরাধী গ্রহণ ও উপকূলীয় অঞ্চলের চিহ্নিত অপরাধীদের গ্রেফতারকরণ	উপকূলীয় অঞ্চলের অপরাধীদের চিহ্নিত করে আইনের আওতায় আনা	অপারেশানাল কার্যক্রম পরিচালনায় ব্যাঘাত সৃষ্টি ও উপকূলীয় অঞ্চলে অপরাধ প্রবণতা হ্রাসে বিঘ্ন সৃষ্টি হতে পারে
বর্ডার গার্ড বাংলাদেশ	উপকূলীয় এলাকায় মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ প্রতিরোধমূলক কার্যক্রম	মানব পাচার হ্রাসকরণ	মানব পাচার প্রতিরোধে তথ্যের আদান প্রদানসহ যৌথ অভিযান পরিচালনা	মানব পাচার প্রতিরোধে বাহিনীর মধ্যে অবাধ তথ্যের আদান-প্রদান ব্যবস্থা নিশ্চিত করতে হবে। সঠিক সময়ে সঠিক তথ্যের ভিত্তিতে বাহিনীর দ্রুত পদক্ষেপেই মানব পাচারের হার কমবে	মানব পাচার রোধে বিঘ্ন সৃষ্টি হতে পারে
মৎস্য অধিদপ্তর	উপকূলীয় ও সমুদ্র এলাকায় অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধমূলক কার্যক্রম	অবৈধ মৎস্য আহরণ	অবৈধ মৎস্য আহরণরোধে মৎস্যজীবীদের আর্থিক প্রণোদনামূলক বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থাকরণ	মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান তৈরি না হলে নিষিদ্ধ মৌসুমে মৎস্যজীবীরা অবৈধভাবে মৎস্য আহরণ করতে পারে	অবৈধ মৎস্য আহরণ হ্রাসে বিঘ্ন সৃষ্টি হতে পারে
বন বিভাগ	উপকূলবর্তী এলাকায় অবৈধ কার্যকলাপ প্রতিরোধমূলক কার্যক্রম	বনজ সম্পদ সংরক্ষণ	আটককৃত বনজ সম্পদ গ্রহণ এবং বনজ সম্পদের উপর নির্ভরশীল জনগোষ্ঠীর বিকল্প কর্মসংস্থান ও বনজ সম্পদ রক্ষায় উদ্বুদ্ধকরণ	বনজ সম্পদ রক্ষায় সহযোগিতা বৃদ্ধি পাবে	অবৈধভাবে বনজ সম্পদ আহরণ হ্রাসে বিঘ্ন সৃষ্টি হতে পারে
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	উপকূলবর্তী এলাকায় অবৈধ কার্যকলাপ প্রতিরোধমূলক কার্যক্রম	অবৈধ মাদ্রকদ্রব্য	আটককৃত অবৈধ মাদ্রকদ্রব্য গ্রহণ ও যৌথ অভিযান পরিচালনা	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সাথে যৌথ অভিযান পরিচালনায় মাদকদ্রব্য উদ্ধার অভিযান গতিশীল হবে	মাদকদ্রব্য পাচার হ্রাসে বিঘ্ন সৃষ্টি হতে পারে